DEC. 20 2000

ভোরের কাগজ

তারিখ ....

পৃষ্ঠা ৭

123

## বগুড়া সরকারি আযিযুল হক কলেজ

# নতুন অধ্যক্ষ যোগ দেওয়ার পর ককটেল বিস্ফোরণ ও প্রশাসনিক ভবনে তালা পরিস্থিতি আবারো উত্তপ্ত

**বগুড়া প্রতিনিধি :** বগুড়া সরকারি আযিযুল হক কলেজে নতুন অধ্যক্ষ যোগদানের পরপরই কলেজ চত্বরে বেশ কয়েকটি ককটেলের বিস্ফোরণ এবং অধ্যক্ষের কক্ষসহ প্রশাসনিক ভবনে একদল ছাত্র তালা লাগিয়ে দেওয়ায় কলেজের পরিস্থিতি আবারো উত্তপ্ত হয়ে পড়েছে।

অধ্যক্ষ প্রফেসর খন্দকার আনছার আলী অবসরকালীন ছুটিতে গেলে রংপুর সরকারি বেগম রোকেয়া কলেজের অধ্যক্ষ প্রফেসর শহিদুল ইসলামকে বগুড়া সরকারি আ. হক কলেজের অধ্যক্ষ হিসেবে নিয়োগ দেওয়া হয়। কিন্তু কলেজের শিক্ষকদের একটি অংশ ছাত্রলীগের একটি গ্রুপকে দিয়ে চেষ্টা করে বাইরে থেকে নতুন অধ্যক্ষ না এনে কলেজের প্রাণিবিদ্যা বিভাগের প্রধান প্রফেসর হাবীবা বেগমকে অধ্যক্ষ করার। কিন্তু ছাত্রলীগের অপর গ্রুপ এর বিরোধিতা করে। কলেজে নতুন অধ্যক্ষ নিয়োগ ছাড়াও ছাত্রলীগের প্রথম গ্রুপ তাদের সুপারিশকৃত ২০০ ছাত্রকে অনার্স কোর্সে ভর্তির দাবি করেছিল। এ সব ঘটনাকে কেন্দ্র করে গত ১৩ ডিসেম্বর কলেজ চত্বরে ব্যাপক ককটেলবাজি ও ভাঙচুরের ঘটনা ঘটে। সে দিনই ছাত্রলীগের দ্বিতীয় গ্রুপ অধ্যক্ষের কক্ষ ও প্রশাসনিক ভবনের তালা ঝুলিয়ে দেয়। এ নিয়ে পর দিনও কলেজ চত্বরে ব্যাপক ককটেলবাজির ঘটনা ঘটে।

এদিকে নতুন অধ্যক্ষ প্রফেসর শফিকুল ইসলাম গত রোববার বদলি হয়ে এলেও তিনি সেদিন কাজে যোগদান করেননি। ৯ দিনই ছাত্ররা অধ্যক্ষের কক্ষে ও প্রশাসনিক ভবনের তালা খুলে দেয়।

গত সোমবার প্রফেসর শফিকুল ইসলাম হিসেবে যোগদান করার পর পরই একদল বিক্ষুব্ধ ছাত্র পুনরায় অধ্যক্ষের কক্ষ ও প্রশাসনিক ভবনে তালা ঝুলিয়ে দেয়। এ সময় অধ্যক্ষ শিক্ষক মণ্ডলীর কক্ষে মতবিনিময় করেছিলেন। তবে এতে কেউ আহত হয়নি।